## ৪৬তম বিসিএস লিখিত পরীক্ষা

### বিষয় কোড : ০০১ (চাতক)

নির্ধারিত সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য: প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

নম্বর

১. **নিচের প্রশ্নগুলোর উত্তর দিন :** ৫ × ৬ = ৩০

ক. বাংলা শব্দগঠন প্রক্রিয়াসমূহ উদাহরণসহ আলোচনা করুন।

খ. বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়মে বিদেশি শব্দের বানানের ছয়টি সূত্র উদাহরণসহ লিখুন।

গ. নিচের বাক্যগুলো শুদ্ধরূপে লিখুন :

i. বিদ্যান ব্যাক্তিদের সৌজন্যতায় সবাই মুগ্ধ হয়।

ii. তোমার কি হয়েছে, বলবে কি?

iii. ইহার আবশ্যক নাই।

iv. তার দুচোখ অশ্রুজলে ভেসে গেল।

v. ঘটনার প্রেক্ষিতে কাজটি করলেও তিনি সম্পূর্ণ নিরপরাধী।

ঘ. **নিচের প্রবাদ প্রবচনের সাহায্যে অর্থপূর্ণ বাক্য রচনা করুন :**
অসারের তর্জন-গর্জন সার; গরিবের ঘোড়া রোগ; জুতো সেলাই থেকে চণ্ডী পাঠ; বিড়ালের ভাগ্যে শিকা ছেঁড়া; হিসেবের গরু বাঘে খায় না।

ঙ. **নিচের বাক্যগুলো নির্দেশ অনুসারে রূপান্তর করুন :**

i. মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে। (যৌগিক)

ii. ধনীরা প্রায়ই কৃপণ হয়। (জটিল)

iii. যে রক্ষক, সেই ভক্ষক। (সরল)

iv. এভাবে সমাজ চলে না। (অস্তিবাচক)

v. আমি এ ঘরে থাকব। (নেতিবাচক)

২. **ভাব সম্প্রসারণ করুন :** ২০

মঙ্গল করিবার শক্তিই ধন, বিলাস ধন নহে।

৩. **সারমর্ম লিখুন :** ২০

বিপুলা এ পৃথিবীর কতটুকু জানি!
দেশে-দেশে কত না নগর রাজধানী–
মানুষের কত কীর্তি, কত নদী গিরি সিন্ধু মরু,
কত-না অজানা জীব, কত-না অপরিচিত তরু
রয়ে গেল অগোচরে, বিশাল বিশ্বের আয়োজন;
মন মোর জুড়ে থাকে অতিক্ষুদ্র অরি এক কোণ।
সেই ক্ষোভে পড়ি গ্রন্থ ভ্রমণ বৃত্তান্ত আছে যাহে
অজয় উৎসাহে–
যেথা পাই চিত্রময়ী বর্ণনার বানী
কুড়াইয়া আনি;
জ্ঞানের দীনতা এই আপনার মনে
পূরণ করিয়া লই যত পারি ভিক্ষালব্ধ ধনে।

৪. **নিচের প্রশ্নগুলোর উত্তর দিন :** ৫ × ৬ = ৩০

ক. বাংলা সাহিত্যে চর্যাপদের গুরুত্ব আলোচনা করুন।

খ. শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে গ্রামীণ জীবনের কী পরিচয় পাওয়া যায়?

গ. বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের ভূমিকা কী?

ঘ. লোকসাহিত্য কী?

ঙ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের সমাজ সংস্কার আন্দোলন সম্পর্কে ধারণা দিন।

### বিষয় কোড : ০০২ (কামিনী)

নির্ধারিত সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ২০০

[দ্রষ্টব্য: প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

নম্বর

১. **নিচের প্রশ্নগুলোর উত্তর দিন :** ৫ × ৬ = ৩০

ক. বাংলা ভাষায় শব্দ কী কী উপায়ে গঠিত হয়? উদাহরণসহ লিখুন।

খ. বানান শুদ্ধ করে লিখুন এবং বানান ভুলের কারণ নির্দেশ করুন :
গীতাঞ্জলী, প্রতিযোগীতা, সূচীপত্র, শৃংখলা, পোস্টমাষ্টার, ঐক্যতান।

গ. **নিচের বাক্যগুলো শুদ্ধ করে লিখুন :**

i. তার দুচোখ অশ্রুজলে ভেসে গেল।

ii. শামীমের চিঠি দেখে তিনি অবাক হইলেন।

iii. ইদানীংকালে সমাজে মাদক ছড়িয়ে পড়েছে।

iv. এমন লজ্জাস্কর ব্যাপারে কখনো দেশি নাই।

v. সকল সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

vi. দীর্ঘদিন অসুস্থ থাকার পর ছেলেটি আরোগ্য হয়েছে।

ঘ. **প্রবাদগুলোর নিহিতার্থ লিখুন এবং বাক্যে প্রয়োগ করুন:**

i. এক যাত্রায় পৃথক ফল।

ii. সময়ের এক ফোঁড় অসময়ের দশ ফোঁড়।

iii. যে যায় লঙ্কায় সে হয় রাবণ।

iv. শাক দিয়ে মাছ ঢাকা।

v. খালি কলসি বাজে বেশি।

vi. পর্বতের মুষিক প্রসব।

ঙ. **বন্ধনীর নির্দেশ অনুযায়ী বাক্য রূপান্তর করুন :**

i. সকাল থেকে আমি বসে আছি। (প্রশ্নবাচক)

ii. রাতে আমার ঘুম আসে না। (যৌগিক)

iii. এখান থেকে চলে যাও। (নেতিবাচক)

iv. এই মাঠে একসময় আমিও অনুশীলন করতাম। (জটিল)

v. তাকে ভোলা ঠিক হবে না। (অস্তিবাচক)
vi. যখনই তুমি এলে, ছেলেটি দৌড় দিল। (সরল)

২. **ভাব সম্প্রসারণ করুন :** ২০
মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও।

৩. **সারমর্ম লিখুন :** ২০
অদ্ভুত আঁধার এক এসেছে এ পৃথিবীতে আজ,
যারা অন্ধ সবচেয়ে বেশি আজ চোখে দেখে তারা;
যাদের হৃদয়ে কোন প্রেম নেই– প্রীতি নেই– করুণার আলোড়ন নেই
পৃথিবী অচল আজ তাদের সুপরামর্শ ছাড়া।
যাদের গভীর আস্থা আছে আজো মানুষের প্রতি,
এখনো যাদের কাছে স্বাভাবিক বলে মনে হয়
মহৎ সত্য বা রীতি, কিংবা শিল্প অথবা সাধনা
শকুন ও শেয়ালের খাদ্য আজ তাদের হৃদয়।

৪. **নিচের প্রশ্নগুলোর উত্তর দিন :** ১০ × ৩ = ৩০
ক. চর্যাপদের ধর্মমত সম্পর্কে লিখুন।
খ. মনসামঙ্গল কাব্যের তিনজন কবির নাম লিখুন।
গ. বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষকতায় আরাকান রাজসভার ভূমিকা আলোচনা করুন।
ঘ. দোভাষী পুথির ভাষারীতির বৈশিষ্ট্য সম্পর্কে লিখুন।
ঙ. আধুনিক যুগের সূচনায় পত্রপত্রিকার ভূমিকা কী ছিল?
চ. 'ফররুখ আহমদ ইসলামি রেনেসাঁর মোড়কে মানবতার কথা বলেছেন।' ব্যাখ্যা করুন।
ছ. সেলিম আল দীনের নিরীক্ষামূলক একটি নাটকের পরিচয় দিন।
জ. সূর্যদীঘল বাড়ি উপন্যাসের প্রেক্ষাপট তুলে ধরুন।
ঝ. ছোটগল্পের বৈশিষ্ট্য লিখুন।
ঞ. প্রতিবাদী গান অধিকার আদায়ের সংগ্রামে কীভাবে প্রবাব ফেলে?

৫. **বাংলায় অনুবাদ করুন :** ১৫
The best teachers have always emphasized the importance of self-culture and of stimulating the student to gain knowledge by the exercise of his own faculties. They have relied more upon training than upon talking and have tried to make their pupils active partners in the work of their own education but not passive receivers of information. This was the spirit in which Dr. Arnold, the great headmaster of Rugby, worked.

৬. ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানের পরিপ্রেক্ষিতে দেয়ালে আঁকা গ্রাফিতি, চিত্র ও লেখা নিয়ে পিতা ও কন্যার মধ্যে কাল্পনিক সংলাপ তৈরি করুন। ১৫

৭. দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির পরিপ্রেক্ষিতে বাজার নিয়ন্ত্রণের অভিমত জানিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে পত্রিকায় প্রকাশের জন্য একটি পত্র লিখুন। ১৫

৮. সাম্প্রতিক সময়ে প্রকাশিত একটি সৃজনশীল অথবা মননশীল গ্রন্থের ওপর সমালোচনা লিখুন। ১৫

৯. **রচনা লিখুন (যে কোন একটি) :** ৪০
ক. একুশ শতকের পৃথিবী : আমাদের প্রত্যাশা।
খ. গণতান্ত্রিক রাষ্ট্র ও স্বাধীন গণমাধ্যম।
গ. শ্রম অভিবাসন : সমস্যা ও সম্ভাবনা।